

## জাতীয় বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সাসপেন্ড

কারাবাসের তথ্য গোপন

### ■ ইত্তেফাক রিপোর্ট

পুলিশের কাছে গ্রেফতার হয়ে কারাবাসে  
অন্তরীণ থাকার কারণে জাতীয় বিশ্ববিদ্যালয়ের  
ইসলামিক স্টাডিস বিভাগের প্রভাষক ড. নোহা  
ছালেহ উদ্দিন চাকরি থেকে সাময়িকভাবে  
বরখাস্ত হয়েছেন। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ  
বৃদ্ধকার এ আদেশ জারি করেন।

জান্না গেছে, প্রভাষক সালেহ উদ্দিন  
জামায়াতে ইসলামীর উত্তরা এলাকার ১১ নম্বর  
সেটোরের আশীর। তিনি গত আগস্টে জামায়াত  
নেতাদের সঙ্গে গোপন বৈঠককালে পুলিশের  
হাতে গ্রেফতার হন। তার বিরুদ্ধে উত্তরা  
পশ্চিম থানার ৩৪ নম্বর মামলায় পুলিশের  
ওপরি আক্রমণ, নাশকতামূলক কাজে জড়িত  
থাকারসহ আরও একাধিক ধারায় অভিযোগ  
রহলে। তিনি কারাগারে থাকলেও কর্তৃপক্ষকে  
তা না জানিয়ে ঘেসেঁকে দিয়ে একটি অসুস্থতার  
কারণে ছুটির আবেদন জানান। পরে কর্তৃপক্ষ  
প্রকৃত ঘটনা জানতে পেরে গতকাল তাকে  
সাময়িকভাবে বরখাস্ত করে।